



## ASSOCIATION OF LAND AND LAND REFORMS OFFICERS', WEST BENGAL

এ্যাসোসিয়েশন অব্ ল্যান্ড এন্ড ল্যান্ড রিফর্মস অফিসার্স, ওয়েস্ট বেঙ্গল

Regd. No. : S/59306/88-89

MOULALI PLAZA, 4TH FLOOR, 113/A, Acharya Jagadish Chandra Bose Road, Kolkata- 700 014

Mail at: [gsallo1987@gmail.com](mailto:gsallo1987@gmail.com)

Visit us at: <https://allowb.org>

CENTRAL COMMITTEE

### কেন্দ্রীয় কমিটির (ভার্চুয়াল) সভা (১৫/০১/২০২২) সার্কুলার

সার্থী,

১৫/০১/২০২২ (শনিবার) কেন্দ্রীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। বর্তমান কোভিড সংক্রমনজনিত পরিস্থিতিতে শারীরিক ভাবে উপস্থিত হয়ে সভা করার বাস্তবতা না থাকায় স্কাইপ মাধ্যমে কেন্দ্রীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত গুলি নীচে উল্লেখ করা হল:-

১) আসন্ন ১৮তম (দ্বি-বার্ষিক) রাজ্য সম্মেলন -

ক) আগামী ৭ই এবং ৮ই মে, ২০২২ স্থান- কোলকাতা।

খ) অষ্টাদশ রাজ্য সম্মেলন উপলক্ষে সদস্যদের থেকে সম্মেলন সংগঠন তহবিল (SST) সংগ্রহ করতে হবে।

হার নিম্নরূপ:

মোট বেতন (gross salary) ৬০,০০০.০০ টাকা পর্যন্ত - ৬০০.০০ টাকা,

৬০,০০১.০০ - ৮০,০০০.০০ টাকা পর্যন্ত - ৮০০.০০ টাকা,

৮০,০০০ টাকার উর্ধ্ব - ১০০০.০০ টাকা।

আগামী ফেব্রুয়ারি- মার্চ মাসের বেতন থেকে তা সংগ্রহ করতে হবে।

কেন্দ্রীয় সম্পাদকমণ্ডলীর সদস্যরা নির্ধারিত হার এর সঙ্গে অতিরিক্ত ২০০.০০ টাকা দেবেন।

গ) অষ্টাদশ রাজ্য সম্মেলনের স্যুভেনির এর জন্য বিজ্ঞাপন সংগ্রহ করতে হবে। বিজ্ঞাপনের হার বিগত রাজ্য সম্মেলনে যা ছিল তাই থাকবে।

ঘ) জেলা সম্মেলন এর আগে কেন্দ্রীয় কমিটির প্রতিনিধি দ্বারা জেলা তহবিলের অডিট করতে হবে।

২) এই রাজ্য সম্মেলনকে সফল করতে প্রতিটি জেলায় সব সদস্যের কাছে সম্মেলনের বার্তা পৌঁছে দিতে হবে। কেন্দ্রীয় কমিটির বার্তা সদস্যদের কাছে পৌঁছে দিতে প্রতিটি জেলায় সম্মেলনের আগে সাধারণ সভা অথবা বর্ধিত জেলা কমিটির সভা সম্পন্ন করতে হবে।

৩) প্রতিটি জেলায় জেলা সম্মেলন এবং ইউনিট সম্মেলন মার্চ ও এপ্রিল, ২০২২ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।



## ASSOCIATION OF LAND AND LAND REFORMS OFFICERS', WEST BENGAL

এ্যাসোসিয়েশন অব্ ল্যান্ড এন্ড ল্যান্ড রিফর্মস অফিসার্স, ওয়েস্ট বেঙ্গল

Regd. No. : S/59306/88-89

MOULALI PLAZA, 4TH FLOOR, 113/A, Acharya Jagadish Chandra Bose Road, Kolkata- 700 014

Mail at: [gsallo1987@gmail.com](mailto:gsallo1987@gmail.com)

Visit us at: <https://allowb.org>

CENTRAL COMMITTEE

৪) ২০২২ সালের সদস্যপদ নবীকরণ জেলা সম্মেলনের পূর্বেই সম্পন্ন করতে হবে।

৫) ২০২২ সালের সদস্যপদ নবীকরণ এর জন্য renewal book, সম্মেলন সংগঠন তহবিল (SST) এর কুপন ও স্যুভেনির এর বিজ্ঞাপন এর ফর্ম শীঘ্রই জেলাগুলিতে পাঠানো হবে। সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এই কাজ দ্রুত শুরু করতে হবে।

সদস্যদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলি, অর্থাৎ ট্রান্সফার, পোস্টিং, প্রমোশন, ইত্যাদি বিষয়ে কেন্দ্রীয় সম্পাদকগণী নিয়মিত পার্সুয়েশন জারী রেখেছে। শীঘ্রই বিষয়গুলি নিয়ে পুনরায় উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সমস্যার নিরসন করতে হবে।

সার্থী, গত ১০-১১ জানুয়ারী, ২০২০ শিলিগুড়ি কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামে আমরা সপ্তদশ (দ্বি-বার্ষিক) রাজ্য সম্মেলন করেছিলাম। সম্মেলনের প্রতিনিধি এবং আয়োজক জেলাদ্বয়ের সদস্যদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে সম্মেলন সফল হয়। তারপর আসে কোভিড অতিমারী। কাজের পরিসরে এবং সাংগঠনিক পরিসরে আমাদের স্বাভাবিক গতিশীলতা বাধাপ্রাপ্ত হয়। পরিস্থিতির সুযোগ নেয় কর্তৃপক্ষ। এতদসঙ্গেও ক্যাডারস্বার্থে যেখানেই আমরা অনিয়ম দেখেছি, প্রতিবাদ করেছি, হস্তক্ষেপ দাবি করেছি। শারীরিক দূরত্ববিধি মেনে ভার্চুয়াল মাধ্যমে আমরা সম্পাদকগণী সভা, জোনাল সভা, কেন্দ্রীয় কমিটির সভা নিয়মিত রাখার চেষ্টা করেছি। এই সময়কালে আমরা ই-পত্রিকা প্রকাশ করেছি। অতিমারী ও আক্ষানের মতো প্রাকৃতিক বিপর্যয়ে সব হারানো মানুষদের কাছে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে পেরেছি শুধুমাত্র সদস্যদের উৎসাহিত অংশগ্রহণ এর কারণে। সদস্যগণ সংগঠন পরিবারের মূল চালিকাশক্তি। সদস্যদের অদম্য উৎসাহ আগামী অষ্টাদশ (দ্বি-বার্ষিক) রাজ্য সম্মেলনকে সফল করবে এই প্রত্যয় আমাদের আছে।

তাং- ১৫-০১-২০২২

সংগ্রামী অভিনন্দন সহ,

সাধারণ সম্পাদক

এ্যাসোসিয়েশন অব্ ল্যান্ড এন্ড ল্যান্ড রিফর্মস অফিসার্স,  
ওয়েস্ট বেঙ্গল